

জিএম/ ৫৪

জাতীয় শিক্ষা কার্যক্রমে আদিবাসীদের মাতৃভাষা সম্পৃক্ত করার দাবি

মাতৃভাষা ভিত্তিক বহুভাষিক প্রাথমিক শিক্ষা বিষয়ক কর্মশালা

॥ ঝাংড়াছড়ি সংবাদপত্র ॥

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সংখ্যা-
লঘু আদিবাসী জাতি গোষ্ঠীর শিশুরা
যাতে মাতৃভাষায় লেখাপড়ার সুযোগ
পায় তার জন্য প্রাথমিক স্তর
থেকেই পাঠ্যসূচী প্রণয়ন ও প্রচল-
নের উপর পার্বত্য অঞ্চলের বিশিষ্ট-
জনেরা গুরুত্ব আরোপ করেছেন।
পার্বত্য নেতৃত্ব গ্রহণ করেছেন, শিক্ষা
সুযোগ নয়, শিক্ষা অধিকার হলেও
আদিবাসী জনগোষ্ঠীর উপযোগী
পাঠ্যক্রম ব্যবস্থা চালু না হওয়ায়
পার্বত্য অঞ্চলের আদিবাসী জাতি-
গোষ্ঠীর শিক্ষাদান ব্যবস্থা এখনও

অসঙ্গতিপূর্ণ রয়ে গেছে।

শিশু অধিকার ভিত্তিক আন্ত-
র্জাতিক সংগঠন যেতে দ্যা চিল-
ড্রেনের উদ্যোগে এবং ঝাংড়াছড়ি
পার্বত্য জেলা পরিষদ ও স্থানীয়
এনজিও জ্বাংরাং এর সহায়তায়
পর্ষটন মোটেল হলরুমে আয়োজিত
“মাতৃভাষা ভিত্তিক বহু ভাষিক
প্রাথমিক শিক্ষা” শীর্ষক দু’দিন-
ব্যাপী কর্মশালার বৃহত্তর সমাপনী
অনুষ্ঠানে বিভিন্ন সংগঠনের বিশিষ্ট
প্রতিনিধিরা বক্তব্য রাখেন। কর্ম-
শালার বিভিন্ন পর্যায়ে অংশ-
(১৩শ পৃ: ৫-এর ক: ড্র:)

জাতীয় শিক্ষা

(১১শ পৃ: পর)

গ্রহণকারীরা পার্বত্য চট্টগ্রাম অঞ্চ-
লের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিদ্যা-
মান নানা অসুবিধা ও অব্যবহা-
পনা সম্পর্কে সুস্পষ্ট মতামত এবং
সুপারিশ তুলে ধরেন।

তরুণ ভাষা গবেষক ও এনজিও
কর্নী মথুরা বিকাশ ত্রিপুরার সভা-
পতিয়ে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে
চাকমা, মারমা ও ত্রিপুরা জাতির
পৃথক বর্ণনালার চার্ট ও “প্রথমে
মাতৃভাষা” নামক একটি গবেষণা-
ধর্মী পুস্তিকার মোড়ক উন্মোচন করা
হয়। ঝাংড়াছড়ি পার্বত্য জেলা
পরিষদ চেয়ারম্যান মনীন্দ্র লাল
ত্রিপুরা বর্ণনালার চার্ট ও পুস্তিকার
মোড়ক উন্মোচন করে বলেন,
আদিবাসী শিশুরা গুণগত শিক্ষায়
যাতে নিজেদের গড়ে তুলতে পারে
তার জন্য সরকারের পাণ্যপাশি
সকল স্তরের মানুষের সহযোগিতা
প্রয়োজন।

দুইদিনব্যাপী কর্মশালার পেত
দ্যা চিল ড্রেনের টিম লিডার টেরি
ডারনিয়ান, ড: পামেলা ম্যাকেল্ডি
ও হেলেন পিনকসহ ঝাংড়াছড়ি,
রাংগামাটি ও বাঙ্গরবান পার্বত্য
জেলার শিক্ষানুরাগীরা বক্তব্য রাখেন
বক্তারা জাতীয় শিক্ষা কার্যক্রমে
আদিবাসীদের মাতৃভাষাকে সম্পৃক্ত
করার দাবি উত্থাপন করে বলেন,
মাতৃভাষা ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
প্রচলনে সরকারি সিদ্ধান্ত ও নীতি-
নালার প্রয়োজন।

কর্মশালার অংশগ্রহণকারীরা
১৯৯৭ সনের পার্বত্য চট্টগ্রাম
চুক্তির পূর্ণ বাস্তবায়নের মাধ্যমে
মাতৃভাষা ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
প্রচলন ত্বরান্বিত করতে পার্বত্য
চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও পার্বত্য
জেলা পরিষদ সমূহের মধ্যে অধি-
কতর সমন্বয় সৃষ্টির প্রতি গুরুত্ব
আরোপ করেন। এদিকে চাকমা
ভাষার সংরক্ষণ ও উন্নয়ন শীর্ষক
এক দিনব্যাপী কর্মশালা বৃহ-
ত্তর ঝাংড়াছড়ি জেলা শহরের
উসাই হল রুমে অনুষ্ঠিত হয়।
স্থানীয় চাকমা একাডেমী এ কর্ম-
শালার আয়োজন করে।